

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
ক্রীড়া-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.moysports.gov.bd

জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া পরিদপ্তরের মধ্যে খসড়া সমঝোতা স্মারক (MOU) এর উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মাহবুব-উল-আলম সচিব
সভার তারিখ	২৭-০৭-২০২৫ খ্রি.
সভার সময়	সকাল: ১১.৩০ টায়
স্থান	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

#### ১.০। উপস্থাপনা:

১.১। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (ক্রীড়া-২ অনুবিভাগ) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদ গত ১৮ মার্চ ২০২৫ তারিখের পত্রে বর্ণিত বিষয়ের আলোকে ক্রীড়া পরিদপ্তরের আওতায় জেলা পর্যায়ে জনবল-কে (জেলা ক্রীড়া অফিসার ও অন্যান্য) জেলা ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির সাময়িক দায়িত্ব প্রদান করার বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া পরিদপ্তরের মধ্যে একটি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের নিমিত্ত খসড়া সমঝোতা স্মারক (MOU) মন্ত্রণালয়ে প্রেরণের জন্য জাতীয় ক্রীড়া পরিষদকে অনুরোধ করা হয়। সেপ্রেক্ষিতে জাতীয় ক্রীড়া পরিষদ হতে একটি খসড়া সমঝোতা স্মারক (MOU) মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জাতীয় পরিষদ ও ক্রীড়া পরিদপ্তরের মধ্যে খসড়া সমঝোতা স্মারক (MOU) এর উপর অদ্যকার সভা আহ্বান করা হয়েছে।

১.২। জাতীয় ক্রীড়া পরিষদের সচিব সভায় উপস্থাপন করেন যে, সারাদেশে জেলা স্টেডিয়ামসমূহসহ জাতীয় ক্রীড়া পরিষদ এর বিভিন্ন স্থাপনা রয়েছে। এছাড়াও বর্তমানে উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মিত হচ্ছে। ইতোমধ্যে বেশ কিছু উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদের উক্ত স্থাপনাসমূহ দেখাশুনা, সুপারভাইজ করার জন্য নিজস্ব কোনো জনবল নেই যার ফলে অনেক স্থাপনাই যথাযথ রক্ষণাবেক্ষণের অভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেপ্রেক্ষিতে ক্রীড়া পরিদপ্তরের জেলা পর্যায়ের জনবল-কে (জেলা ক্রীড়া অফিসার ও অন্যান্য) জেলা ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির সাময়িক দায়িত্ব প্রদান করার বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া পরিদপ্তরের মধ্যে একটি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর প্রয়োজন। তিনি খসড়া সমঝোতা স্মারক (MOU) বর্ণিত নিম্নরূপ বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন:

১. স্টেডিয়ামের মালিকানা NSC-এর নিয়ন্ত্রণে থাকবে।
২. ক্রীড়া পরিদপ্তর স্টেডিয়ামসমূহ বিভিন্ন ক্রীড়া কার্যক্রম, টুর্নামেন্ট এবং অন্যান্য অনুমোদিত অনুষ্ঠানের জন্য ব্যবহার করতে পারবে।
৩. ক্রীড়া পরিদপ্তর স্টেডিয়াম ভাড়া দিতে পারবে এবং এই সংক্রান্ত রাজস্ব আদায় করতে পারবে।
৪. ক্রীড়া পরিদপ্তর স্টেডিয়ামের যাবতীয় বিদ্যুৎ বিল পরিশোধের দায়িত্ব গ্রহণ করবে।
৫. ক্রীড়া পরিদপ্তর স্টেডিয়ামের পরিচ্ছন্নতা ও নিয়মিত রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করবে।

৬. ক্রীড়া পরিদপ্তর জাতীয় ক্রীড়া পরিষদের পূর্বানুমতি ব্যতীত স্টেডিয়ামের কোনো কাঠামোগত পরিবর্তন করতে পারবে না।
৭. NSC স্টেডিয়ামের গুণগতমান বজায় রাখতে কারিগরি সহায়তা ও নির্দেশনা প্রদান করবে।
৮. NSC স্টেডিয়ামের সার্বিক ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ পর্যবেক্ষণ করবে এবং প্রয়োজনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।
৯. NSC স্টেডিয়ামের রক্ষণাবেক্ষণ এবং এই সমঝোতা স্মারকের শর্তাবলী পর্যালোচনা করার জন্য সময়ে সময়ে পরিদর্শন করতে পারবে ও শর্তাবলী বিয়োজন বা সংযোজন করতে পারবে।
১০. ক্রীড়া ও অন্যান্য ইভেন্ট থেকে প্রাপ্ত রাজস্ব ক্রীড়া পরিদপ্তর সংগ্রহ করবে।
১১. আদায়কৃত রাজস্ব স্টেডিয়ামের বিদ্যুৎ বিল পরিশোধ এবং পরিচ্ছন্নতার কাজে ব্যয় করা হবে।
১২. অতিরিক্ত রাজস্ব থেকে ব্যবহার জনিত ক্ষুদ্র মেরামত ও উন্নয়ন কাজ করা যেতে পারে, তবে এজন্য NSC এর পূর্বানুমোদন নিতে হবে।
১৩. এই সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ থেকে ৫ (পাঁচ) বছরের জন্য কার্যকর থাকবে। তবে উভয় পক্ষ সম্মত হলে নির্ধারিত সময়ের পূর্বেই বাতিল করা যাবে। উভয় পক্ষের সম্মতিতে এই মেয়াদ বৃদ্ধি করা যাবে।
১৪. কোনো পক্ষ শর্ত লঙ্ঘন করলে, অন্য পক্ষ আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করবে বা প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
১৫. এই সমঝোতা স্মারক সম্পর্কিত যেকোনো মতানৈক্য আলোচনা ও সমঝোতার মাধ্যমে সমাধান করা হবে।
১৬. এই সমঝোতা স্মারকের কোনো পরিবর্তন বা সংশোধন শুধুমাত্র লিখিতভাবে উভয় পক্ষের সম্মতিতে করা যাবে।
১৭. এই সমঝোতা স্মারক কোনো মালিকানা হস্তান্তর বা কোনো পক্ষের উপর অতিরিক্ত আর্থিক দায়বদ্ধতা সৃষ্টি করবে

## ২.০। আলোচনা:

২.১। ক্রীড়া পরিদপ্তরের পরিচালক জানান যে, জাতীয় ক্রীড়া পরিষদের প্রস্তাব মোতাবেক ক্রীড়া পরিদপ্তরের আওতায় জেলা পর্যায়ে জনবল-কে (জেলা ক্রীড়া অফিসার ও অন্যান্য) জাতীয় ক্রীড়া পরিষদের জেলা ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির সাময়িক দায়িত্ব প্রদান করা হলে জেলা ক্রীড়া অফিসারগণ এ দায়িত্ব পালন করবেন মর্মে মত ব্যক্ত করেন। তবে জেলা ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির দায়িত্ব প্রদান করার বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া পরিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক (MOU) চূড়ান্ত করার পূর্বে জেলা ক্রীড়া অফিসারগণের মতামত প্রয়োজন। এ বিষয়ে ক্রীড়া পরিদপ্তর সকল জেলা ক্রীড়া অফিসারগণের সাথে একটি মত বিনিময় সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে তিনি অবহিত করেন।

২.২। সভায় উল্লেখ করা হয় যে, জাতীয় ক্রীড়া পরিষদের আওতায় সারাদেশে জেলা স্টেডিয়ামসহ জেলা পর্যায়ের বিভিন্ন ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির দায়িত্ব সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের তত্ত্বাবধানে জেলা ক্রীড়া সংস্থার পরিবর্তে জেলা ক্রীড়া অফিসারগণ পালন করবে। এছাড়াও উপজেলা পর্যায়ে নির্মিত বা নির্মানাধীন মিনি স্টেডিয়ামসহ ক্রীড়া স্থাপনার তদারকির দায়িত্ব উপজেলা পরিষদের পক্ষে সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসারগণ পালন করবেন মর্মে জাতীয় ক্রীড়া পরিষদ উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করবেন।

২.৩। সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন) উল্লেখ করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আওতায় সারাদেশে জেলা স্টেডিয়াম ও বিভিন্ন ক্রীড়া স্থাপনাসমূহ তদারকি করার জন্য ক্রীড়া পরিদপ্তরের জেলা ক্রীড়া অফিসারগণকে সাময়িক দায়িত্ব প্রদান করার লক্ষ্যে সমঝোতা স্মারক (MOU) চূড়ান্ত করার পূর্বে জাতীয় ক্রীড়া পরিষদ ক্রীড়া পরিদপ্তরের মতামত নিয়ে চূড়ান্ত করে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। এছাড়াও জেলা স্টেডিয়াম ও জেলা পর্যায়ে বিভিন্ন ক্রীড়া স্থাপনার আয়-ব্যয়ের হিসাব সংশ্লিষ্ট ক্রীড়া অফিসারগণ প্রতি অর্থবছর শেষে জাতীয় ক্রীড়া পরিষদকে অবহিত করবে এবং এ বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদের পরামর্শ গ্রহণ করবে মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। তিনি আরও মত ব্যক্ত করেন যে, উক্ত সমঝোতা স্মারক (MOU) মন্ত্রণালয়ের অনুমোদনের পূর্বে জাতীয় ক্রীড়া পরিষদের নির্বাহী পরিষদের অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। তবে ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় শহরে নির্মিত স্টেডিয়ামসমূহ আলোচ্য সমঝোতা স্মারক (MOU) এর আওতা বহির্ভূত থাকবে কারণ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় শহরে জাতীয় ক্রীড়া পরিষদের নিজস্ব জনবল রয়েছে।

২.৪। সভায় উল্লেখ করা হয় যে, উপজেলা পর্যায়ে নির্মিত বা নির্মানাধীন মিনি স্টেডিয়ামসমূহ তদারকির দায়িত্ব উপজেলা পরিষদের

পক্ষে সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসারগণ পালন করবে মর্মে জাতীয় ক্রীড়া পরিষদ উপজেলার নির্বাহী অফিসারগণের সাথে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

২.৫। সভায় অতিরিক্ত সচিব (ক্রীড়া-২ অনুবিভাগ) জাতীয় ক্রীড়া পরিষদের আওতায় সারাদেশে জেলা স্টেডিয়াম ও বিভিন্ন ক্রীড়া স্থাপনাসমূহ জেলা ক্রীড়া অফিসারগণের মাধ্যমে দেখাশুনা, সুপারভাইজ করার বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া পরিদপ্তরের মধ্যে চূড়ান্ত সমঝোতা স্মারকে (MOU) জাতীয় ক্রীড়া পরিষদের সচিব ও ক্রীড়া পরিদপ্তরের পরিচালকের স্বাক্ষর গ্রহণ করতে হবে মর্মে মত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

### ৩.০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

৩.১। ক্রীড়া পরিদপ্তরের জেলা পর্যায়ের জনবল-কে (জেলা ক্রীড়া অফিসার ও অন্যান্য) জাতীয় ক্রীড়া পরিষদের জেলা পর্যায়ে ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির সাময়িক দায়িত্ব প্রদান করার বিষয়ে যাচাই-বাছাই করে জাতীয় ক্রীড়া পরিষদ সমঝোতা স্মারক (MOU) মন্ত্রণালয়ের অনুমোদনের পূর্বে জাতীয় ক্রীড়া পরিষদের নির্বাহী পরিষদের অনুমোদন গ্রহণ করার জন্য জাতীয় ক্রীড়া পরিষদের সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৩.২। জাতীয় ক্রীড়া পরিষদের জেলা পর্যায়ের ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির দায়িত্ব প্রদান করার বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া পরিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক (MOU) চূড়ান্ত করার পূর্বে ক্রীড়া পরিদপ্তর জেলা ক্রীড়া অফিসারগণের মতামত গ্রহণ করবেন;


৩.৩। জাতীয় ক্রীড়া পরিষদের আওতায় সারাদেশে জেলা স্টেডিয়ামসমূহ ও জেলা পর্যায়ের বিভিন্ন ক্রীড়া স্থাপনাসমূহ তদারকির দায়িত্ব সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের তত্ত্বাবধানে জেলা ক্রীড়া সংস্থার পরিবর্তে জেলা ক্রীড়া অফিসারগণ পালন করবে। তবে ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় শহরে নির্মিত স্টেডিয়ামসমূহ আলোচ্য সমঝোতা স্মারক (MOU) এর আওতা বহির্ভূত থাকবে;

৩.৪। উপজেলা পর্যায়ে নির্মিত বা নির্মাণাধীন মিনি স্টেডিয়ামসমূহ তদারকির দায়িত্ব উপজেলা পরিষদের পক্ষে সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসারগণ পালন করবেন মর্মে জাতীয় ক্রীড়া পরিষদ সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসারগণের সাথে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

৩.৫। জাতীয় ক্রীড়া পরিষদের আওতায় জেলা স্টেডিয়াম ও জেলা পর্যায়ের বিভিন্ন ক্রীড়া স্থাপনার আয়-ব্যয়ের হিসাব সংশ্লিষ্ট ক্রীড়া অফিসারগণ অর্থবছর শেষে জাতীয় ক্রীড়া পরিষদকে অবহিত করবে এবং এ বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদের পরামর্শ গ্রহণ করবে; এবং

৩.৬। জাতীয় ক্রীড়া পরিষদের আওতায় সারাদেশে জেলা স্টেডিয়াম ও জেলা পর্যায়ে বিভিন্ন ক্রীড়া স্থাপনাসমূহ জেলা ক্রীড়া অফিসারগণের মাধ্যমে দেখাশোনা, সুপারভাইজ করার বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া পরিদপ্তরের মধ্যে চূড়ান্ত সমঝোতা স্মারকে (MOU) জাতীয় ক্রীড়া পরিষদের পক্ষে সচিব ও ক্রীড়া পরিদপ্তরের পক্ষে পরিচালক স্বাক্ষর করবে।

৪.০। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৮-০৭-২০২৫  
মোঃ মাহবুব-উল-আলম  
সচিব

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৩.১৭.২৯৯

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ: (প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব (যুগ্মসচিব), জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।
- ৩। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মাওলানা ভাসানী হকি স্টেডিয়াম, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



তৌফায়েল হোসেন

২৯-০৭-২০২৫  
মোঃ তৌফায়েল হোসেন  
সহকারী সচিব